



# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং- ০১(৮৯৪)জাতীয়বিঃ/প্রশাঃ/২০১০(অংশ-৮)/১/৩৪

তারিখ : ২৮ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ  
১২ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদে নিয়োগের লক্ষ্যে জন্মসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে Online-এ আবেদন আহ্বান করা যাইতেছে :

ক্রমিক নং	পদের নাম, বেতন স্কেল (গ্রেড) পদের সংখ্যা এবং বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	সাব-টেকনিক্যাল অফিসার বেতন স্কেল: ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) পদের সংখ্যা: ০৩ (তিন) বয়স: অনূর্ধ্ব ৩৩ বৎসর (আবেদন করার শেষ তারিখে)	ম্নাতক ডিগ্রীসহ স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্সসহ ইন্টারনেট সার্ভিস/ হার্ডওয়ার সংরক্ষণ-এ ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। শিক্ষা জীবনের কোন স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নহে।

শর্তাবলী :

- বিজ্ঞাপিত উক্ত পদে আবেদনের নিমিত্তে **Online Application Form** ও নিয়োগ বিজ্ঞপ্তি ১৭-০৮-২০২১ তারিখ হইতে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.nubd.info/jobs](http://www.nubd.info/jobs) এ পাওয়া যাইবে। আত্রহী প্রার্থীদের আগামী ১৬-০৯-২০২১ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে উক্ত ওয়েবসাইট [www.nubd.info/jobs](http://www.nubd.info/jobs) এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করিতে হইবে।
- চাকুরীরত প্রার্থীদেরকে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে। প্রার্থীদেরকে সকল পরীক্ষা পাশের সনদপত্র, অভিজ্ঞতা সনদপত্র, জাতীয় পরিচয় পত্র, জাতীয়তা সনদপত্র, চাকুরীরত হলে কর্তৃপক্ষের অনুমতি পত্র-এর কপি User ID ও Password দিয়ে Login করে Online Application Form-এর নির্ধারিত অংশে Upload করিতে হইবে।
- Online Application Form**-এর প্রিন্ট কপিসহ সকল ডকুমেন্টস্-এর সত্যায়িত কপি ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/হাতে হাতে ১৬-০৯-২০২১ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ ঠিকানায় পৌছাইতে হইবে। অন্যথায় আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।
- রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখায় বর্ণিত পদের জন্য ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা সোনালী সেবার পে-স্লিপ-এর মাধ্যমে জমা দিতে হইবে।

পে-স্লিপ সংগ্রহ ও জমাদানের নিয়মাবলী:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.nubd.info/jobs](http://www.nubd.info/jobs) এ Online Application Form যথাযথভাবে পূরণপূর্বক Submit করার পর User ID ও Password দিয়ে Login করে **Pay-slip** ডাউনলোড করে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় সোনালী সেবার মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে জমা দিতে হইবে অথবা সোনালী ব্যাংকের **Online Payment Gateway** ব্যবহার করিয়া মোবাইল ব্যাংকিং সেবা বিকাশ, রকেট অথবা বিভিন্ন ধরনের কার্ড যেমন **AMERICAN EXPRESS, VISA, DBBL NEXUS, MASTER CARD** অথবা সোনালী ব্যাংকের হিসাবধারীরা নিজ হিসাব থেকে অনলাইনে টাকা ট্রান্সফার করিয়াও আবেদন করিতে পারিবেন।

**Online Application Form** পূরণের নির্ধারিত তারিখ ও সময়ের পরে টাকা জমা দিলে সে দায়-দায়িত্ব ব্যাংক অথবা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বহন করিবে না।

- আবেদন করার শেষ তারিখে (১৬-০৯-২০২১) প্রার্থীদের বয়স উল্লেখ করিতে হইতে হইবে।

৬. প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষা/নির্বাচনী বোর্ড-এর তারিখ ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে পত্র মারফত/SMS-এর মাধ্যমে/বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এর মাধ্যমে জানানো হইবে। এ সকল পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।
৭. সাক্ষাৎকারের সময় সকল মূল সনদ ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সঙ্গে আনিতে হইবে।
৮. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হইবে।
৯. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।
১০. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করিবে।
১১. রিট পিটিশন নং- ৫১২৫/২০০৪ এ মহামান্য হাইকোর্ট বিভাগের ২০-০২-২০১২ তারিখের ঘোষিত রায় ও নির্দেশনার আলোকে যাহাদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের চাকুরীর অবসান হইয়াছে তাহারা সংশ্লিষ্ট পদে আবেদন করিতে পারিবেন এবং বিজ্ঞাপিত পদের জন্য নির্ধারিত বয়সসীমার সর্বোচ্চ সীমা তাহাদের ক্ষেত্রে শিথিল করা হইবে। তবে বিজ্ঞাপিত পদে বিধি অনুযায়ী প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতা ও শর্তাবলী তাহাদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

ভাইস-চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে



(মোল্লা মাহফুজ আল-হোসেন)  
রেজিস্ট্রার  
জাতীয় বিশ্ববিদ্যালয়